# অক্টোবর ২০২৫ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | নুজহাত তাসনীম আওন<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>বিরামপুর, দিনাজপুর। |
| তারিখ | ঃ | ২৭.১০.২০২৫ খ্রি. |
| সময় | ঃ | দুপুর ০২.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

জনাব নুজহাত তাসনীম আওন, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

সেপ্টেম্বর ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সেপ্টেম্বর ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে সেপ্টেম্বর ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করা হয়নি।

**সিদ্ধান্তঃ ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য-সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী, নোটিশ ও হাজিরা ওয়েব পোর্টালে আপলোড করে হার্ডকপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুরে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিভাগীয় আলোচনা**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, খরিপ-২/২০২৫-২০২৬ মৌসুমে রোপা আমন ধান আবাদ হয়েছে ১৭৪৪৫ হেক্টর, কর্তন হয়েছে ৯৬০ হেক্টর এবং উৎপাদন হয়েছে ৩৩৬০ মেঃটন। রবি/২০২৫-২০২৬ মৌসুমে প্রণোদনা সরিষা ১২০০ জন, গম-১৪০, সূর্যমুখী-৩০, শীতকালীন পেঁয়াজ-১০ এবং বোরো ধান ১১০০ জন। তালিকা চলমান রয়েছে। প্রণোদনা বসতবাড়িতে চাষযোগ্য সবজি উৎপাদন-১৮০টি এবং মাঠে উৎপাদন-৩৩০টি বিতরণ করা হয়েছে। রবি/২০২৫-২০২৬ মৌসুমে শাকসবজির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১২৮০ হেক্টর। এ পর্যন্ত ৪১০ হেক্টর অর্জন হয়েছে। খরিপ-২/২০২৫-২০২৬ মৌসুমে শাকসবজি ফসলের আবাদ হয়েছে ১১৫ হেক্টর। কর্তণ হয়েছে ১১৫ হেক্টর এবং ফলন হয়েছে ২২০৮ মেঃটন। খরিপ-২/২০২৫-২০২৬ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ ফসলের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪০ বিঘা এবং অর্জন হয়েছে ৪০ বিঘা, প্রণোদনা মাসকলাই ফসলের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪০ বিঘা এবং বরাদ্দ এসেছে ৪০ বিঘা। এখন পর্যন্ত মাঠে বর্ণিত ফসলগুলো ভাল আছে।<br>অক্টোবর ২০২৫ মাসে সারের বরাদ্দ পাওয়া গেছে যার পরিমান ইউরিয়া-২৯৬ মে.টন, টিএসসি ১৪০ মে.টন, ডিএপি-১৯৪ মে.টন এবং এমওপি-১৫৫ মে.টন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বিরামপুর, দিনাজপুর ডেঙ্গু জ্বরে আক্রান্ত হওয়ায় তিনি সভায় আসতে পারেননি। তবে তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। উল্লেখ্য। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে বাণিং ইস্যু এ্যান্থ্রাক্স। তবে বিরামপুর উপজেলায় কোন জীবানু এখন পর্যন্ত পাওয়া যায়নি। বিভিন্ন ফার্মে ফ্রি ভ্যাকমিন পাওয়া যাচ্ছে। ১.৫ লক্ষ ভ্যাকসিন দেয়া হবে। আপাতত ১০০০টি পাওয়া গেছে। উৎপাদন বৃদ্ধির কার্যক্রম চলছে। ল্যাফক্সীন ভ্যাকসিন নিজেরাই তৈরী করছে। সরকারি ভ্যাকসিন দিয়ে সহযোগিতা করা হবে। এ্যান্থাক্সের কারণে প্রত্যয়নপত্র নিয়ে পশু জবাই কার্যক্রমে সারা ফেলেছে। রেজিস্টার রক্ষণাবেক্ষণ করা হচ্ছে। হাটের দিন ১৬/১৭টি প্রত্যয়ন পত্র দেয়া হয়। সন্ধার পর তার দপ্তরের কর্মীরা বাড়ি বাড়ি গিয়ে পর্যবেক্ষণ করে আসছেন। তবে গোস্তের দোকানে তদারকি বাড়াতে হবে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সহকারী পরিচালক, ভোক্তা অধিকার, দিনাজপুর টিম নিয়ে আসছেন মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য তাদের সাথে যোগ দিয়ে পর্যবেক্ষণ করার পরামর্শ দেন। তিনি আরও জানান যে, কুকুরের ফার্ম আছে কিন্তু বিড়ালের ফার্ম নেই। যারা করছেন তারা ব্যক্তিগতভাবে করছেন। ফার্ম করলে রেজিস্ট্রেশন করতে হবে। তিনি আরও উল্লেখ করেন যে, প্রতারক চক্র বিড়াল দেয়ার কথা বলে প্রায় ১২,০০০/১৪,০০০ টাকা নিচ্ছে। বিষয়টি খতিয়ে দেখার অনুরোধ জানান। এ পর্যায়ে সেপ্টেম্বর ২০২৫ মাসের তথ্য উপস্থাপন করা হয়। ২৩০৩ টি গবাদি প্রাণির এবং ১০৮১৪ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে খামারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়নি। কৃত্রিম প্রজনন ৩৮৩ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৫৪টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১৬৭০৫ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৯৩০০০ মাত্রা। এ মাসে ১টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প হয়েছে। ৬টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। এ মাসে মোবাইল কোর্ট পরিচালিত হয়নি। তবে <u>গবাদিপ্রাণি ও হাঁসমুরগীর টিকা প্রাপ্তিঃ অক্টোবর ২০২৫ মাসে</u> (১) তড়কা-০০ মাত্রা, (২) বাদলা-০০ মাত্রা, (৩) গলাফুলা-৮০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-৩০০০০০ মাত্রা, (৫) আরডিবি-৫০০০০ মাত্রা, (৬) ফাউল পক্স-২০০০০ মাত্রা, (৭) পাউল কলেরা-৭০০০ মাত্রা, (৮) গট পক্স-০০ মাত্রা, (৯) গামবোরো-৩০০০০ মাত্রা, (১০) ডাকপ্লেগ-৪০০০০ মাত্রা, (১১) ক্ষুরা-৩২০ মাত্রা, (১২) ছাগ বসন্ত-১০০০ মাত্রা এবং (১৩) লাম্পি স্কিন ডিজিজ-২৫ মাত্রা। সর্বমোট=৪৪৯১৪৫ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ৪-২৫ অক্টোবর ২০২৫ পর্যন্ত ২২ দিন পর্যন্ত ইলিশ ধরা বন্ধ ছিল। এ সময় হাট-বাজার পর্যবেক্ষণ করেছেন। দু'টো অভিযান চালিয়ে কারেন্ট জাল জব্দ করেছেন। ৩টি কারেন্ট জাল পুড়িয়ে ফেলা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, নবায়নযোগ্য জ্বালানী পুনরুদ্ধারের কাজ চলছে। এ কাজের ব্যয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় বহন করবে। স্কুল ও হাসপাতালে সোলার স্থাপনের টেন্ডার হয়েছে। এটি ২.৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করবে। নতুন বিদ্যুৎ সংযোগ নেয়ার জন্য Online-এ আবেদন করতে হবে। বিভিন্ন কম্পিউটারের দোকানে জমির ভুয়া কাগজপত্র তৈরী করে বিশেষ করে বিরামপুর পাইলট স্কুলের সামনে সুমনের কম্পউটারের দোকানে এগুলো তৈরী করে। এগুলা বন্ধ করা দরকার।<br>এ পর্যায়ে রেঞ্জ কর্মকর্তা, বন বিভাগদিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, বিদ্যুৎ সংযোগ দেয়ার সময় বন বিভাগের জায়গায় স্থাপিত সেচ পাম্পে বিদ্যুৎ সংযোগ দেয়া হয়েছে। সরেজমিনে তদন্ত করে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য কাটলা ও পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ হতে প্রকল্পের তালিকা পেয়েছেন অবশিষ্ট ৫টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে তালিকা দাখিল করার জন্য তিনি অনুরোধ করেন।<br>রাস্তার বিষয়ের আলোচনায় বন বিভাগ জানায় যে, নভেম্বর ২০২৫ মাসে টেন্ডার হলে রাস্তাটি মেরামত করা যাবে।<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিরামপুর জানান যে, লে-আউট রাস্তার মধ্যে ব্যক্তিগত জমি থাকায় কাদিপুরে রাস্তা করা যাচ্ছে না। রাস্তাটি মাপতে হবে। উপসহকারী প্রকৌশলী, এলজিইডিকে রাস্তা উদ্ধারে কাজ করার জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে। প্রয়োজনে সেখানে যাওয়ার জন্য তিনি অনুরোধ করেন। তিনি আরও জানান যে, কাটলা হাটের পানি নিস্কাশনের জন্য ড্রেণ নির্মাণ করা যাব। হাটের উন্নয়নমূলক কাজ করতে হবে। কাটলা হাটের ইজারা মূল্য অনেক বেশী। ওয়াশরুম করা যায় তবে ড্রেনেরও প্রয়োজন আছে।<br>উপজেলা নির্বাহী অফিসার বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এন্টি ভেনম ভেক্সিন ও অন্যান্য সামগ্রী সরবরাহ প্রকল্পের কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে উপজেলা প্রকৌশলী জানান যে, প্রকল্পের নথি প্রস্তুত করা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১ ও ৩. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর।<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.২ উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, নটকুমারীতে ৩টি ট্রান্সফরমার চুরি হয়েছিল উদ্ধার হয়েছে। বিনাইলে আবার একটি ট্রান্সফরমার চুরি হয়েছে। চুরির বিষয় নিয়ে ঝামেলা হচ্ছে। কথায় কথায় কিছু ব্যক্তি মানব বন্ধন করে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আইন শৃঙ্খলা সভায় বিস্তারিত আলোচনা হয়েছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সহকারী উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। তিনি আরও জানান যে, কাটলা ও কেটরায় ২ জন বৃদ্ধ লোককে টিফিনের সময় ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষার্থীদের খাবার কিনে দিতে দেখা যাচ্ছে। এ বিষয়ে অভিভাবকদের সাথে কথা বলা হয়েছে কিন্তু অভিভাবকগণ এ বিষয়ে কোন গুরুত্ব দিচ্ছে না। ইউপি সদস্য জনাব নয়ন বিষয়টি দেখবেন মর্মে সভায় জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। শিক্ষকগণের আন্দোলন শেষ হয়েছে। সেইসাথে শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। সভাপতি পদের বিষয়ে হাইকোর্টে রিট হয়েছে। চাঁদপুর মাদ্রাসার শিক্ষকদের মারামারি বিষয়ে তদন্ত করেছেন। একজন জানিয়েছেন মিমাংসা হয়েছে। টাইফয়েডের টিকা কার্যক্রম চলমান রয়েছে এবং বাড়ানোর উদ্যোগ নেয়া হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিভিন্ন ভাতার কার্যক্রম চলছে। আগামী ০৬ নভেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ১টি সার্টিফিকেট মামলায় খাতক ১,০০,০০০/-টাকা ঋণ নিয়েছেন তন্মধ্যে ২৫,০০০/- টাকা জমা করেছেন। যার মামলা নং-১/পল্লী/২০১২-২০১৩. উপজেলা নির্বাহী অফিসার বলেন হাই প্রোফাইল খাতক আছে যার নামে গ্রেফতারী পরোয়ানা ইস্যু করা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, VWB এর সঞ্চয় খোলার জন্য হিসাব নম্বর খুলতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর অনুপস্থিত রয়েছেন। ফলে উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর দিনাজপুর মাতৃত্বকালিন ছুটি শেষে আজকের সভায় অংশগ্রহণ কর জানালেন তার দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে ৪০ দিনব্যাপী ভ্রাম্যমান কম্পিউটার প্রশিক্ষণ চলছে। আগামী ৩০.১০.২০২৫ তারিখে সমাপনী অনুষ্ঠান হবে। সে অনুষ্ঠানে সবাইকে আমন্ত্রণ জানান। তিনি আরও জানান যে, তরুণ প্রজন্মকে কর্মে নিয়োজিত করতে হবে। প্রতি গ্রুপে ১০ জন প্রশিক্ষনার্থীকে খুব সুন্দর পরিবেশে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও ভালভাবে চলছে। বিনাইল কমিউনিটি ক্লিনিকের জন্য বরাদ্দকৃত অর্থ দ্বারা যন্ত্রপাতি ক্রয় করেছেন। দেখার জন্য অনুরোধ করেন। এ ক্লিনিকের সংযোগ সড়কটি ভাল নয়। তিনি সড়কটি সংস্কার/মেরামত করে দেয়ার জন্য অনুরোধ করেন। বরাদ্দ চেয়ে আবেদন করার জন্য তাকে পরামর্শ প্রদান করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। ২০২৫-২০২৬ অর্থ বছরে এখনও বরাদ্দ পাওয়া যায়নি। দাপ্তরিক কাজে কর্মকর্তা রংপুরে গেছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও ভালভাবে চলছে। তিনি আরও জানান যে,২০২৫-২০২৬ অর্থবছরের বরাদ্দ থেকে ৫০% ছাড় দেয়া হয়েছে। ইউনিয়ন পরিষদ দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি হালনাগাদ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। এবার প্রবীণ ব্যক্তিদের উপর সার্ভে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, ১ নভেম্বর ২০২৫ তারিখ শনিবার সমবায় দিবস পালিত হবে। তিনি উক্ত অনুষ্ঠানে সবাইকে আমন্ত্রণ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিক রয়েছে। তিনি আরও জানান যে, খানপুরের কালিশহরে বনের জমির শ্রেনি পরিবর্তন করে পুকুর করছে। নটকুমারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মাঠ বন বিভাগের। ক্লাব, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক সমন্বয়ে মাঠ সম্প্রসারণ করার জন্য গাছ কেটে ফেলেছে। বন বিভাগের চীপ পর্যন্ত কথাটি জানানো হয়েছে।<br>উপজেরা শিক্ষা অফিসার জানান যে, প্রধান শিক্ষক কাগজপত্র দেখিয়েছে। প্রকৃতই বন বিভাগের জমি। গাছ বিক্রি করে ফেলেছেন।স্থানীয় ব্যক্তিদের সাথে বন বিভাগে যান। দিওড়-গোপালপুর পর্যন্ত গাছগুলো কর্তন করেছ। বন বিভাগের গাছগুলো নিলামের সময় হয়েছে। নতুন করে উপকারভোগী পরিবর্তনের সুযোগ নেই। ০২.০৩.১৯৯৮ সালে কেয়ার বাংলাদেশ গাছগুলো লাগিয়েছিল।<br>উপজেলা বন কর্মকর্তা বলেন ২৭ বছর ধরে সমস্যা। রাতের আঁধারে মাটি কেটে নিয়ে যাচ্ছে কেন জানানো হয়নি। চেয়ারম্যানের সহযোগিতা প্রয়োজন। তার বদলি হয়েছে তিনি ১ মাস আছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিক রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুন্দর ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুন্দর ও স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায় ও বিতরণ চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর জানান কোন বরাদ্দ নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, এ মুহর্তে কোন কাজ নেই। তবে স্থায়ী কমিটির সভা এবং পঞ্চ বার্ষিকী পরিকল্পনা দ্রুত করা প্রয়োজন।<br>উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, আগস্ট'২৫ মাসের মাসিক সভায় উপজেলা কমিটির সভা নিয়মিতভাবে করার এবং তা উপজেলা পরিষদের ওয়েবপোর্টালে আপলোড করার বিষয়ে সকল সদস্য সচিবদের কে নির্দেশনা দেন। উল্লেখ্য যে, গত মাসে সিদ্ধান্ত থাকলেও কোন সদস্য সচিব চলতি মাসে উপজেলা কমিটির সভার বিষয়ে ইউডিএফ-কে ডাকে নাই বা তারা নিজেরা সভা করে উপজেলা প্রশাসনিক কর্মকর্তার নিকট রেজুলেশন জমা দেন নাই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. UDF, বিরামপুর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | পঞ্চবার্ষিক পরিকল্পনা তৈরির জন্য কিছু তথ্য চেয়ে গত ১২ মার্চ,২০২৫ তারিখে উপজেলা প্রকৌশলী স্বাক্ষরিত একটি পত্র বিভিন্ন দপ্তরে/ ইউনিয়ন পরিষদে দেয়া হয়। এখন পর্যন্ত অনেক দপ্তর এবং ইউনিয়ন পরিষদগুলো তা জমা দেন নাই। যারা জমা দেন নাই বা কিছু সমস্যা আছে এমন দপ্তরের কর্মকর্তার সাথে মৌখিক ভাবে বলা বা তাগিদ দিলেও এখন পর্যন্ত অগ্রগতি নাই। এর ফলে কম্পাইল করাও সম্ভব হয় নাই। অতিসত্বর এগুলো পত্রের নির্দেশনা ও সংযুক্ত ফরমেট অনুসারে জমা করতে অনুরোধ করা হলো।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) থেকে কোন উপজেলাকে অর্থ বরাদ্দ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট উপজেলার কর্মদক্ষতা মূল্যায়ন করা হয়। যা আগামীতেও করা হবে। পরিষদের ওয়েব পোর্টালে অন্যান্য তথ্যসহ নিম্নবর্ণিত তথ্যসমূহ অবশ্যই হালনাগাদ থাকতে হবেঃ<br>১) উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।<br>২) ১৭ টি উপজেলা কমিটির সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী।<br>৩) অর্থ বছরের বার্ষিক অনুমোদিত বাজেট।<br>৪) অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা।<br>৫) পঞ্চবার্ষিকী পরিকল্পনা।<br>৬) অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (ADP) প্রতিবেদন।<br>৭) বার্ষিক আয় ব্যয় বিবরণী।<br>উল্লেখ্য যে, উপরের দেয় ১ নম্বর তথ্যটি ছাড়া কোন হালনাগাদ তথ্যই উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে দেয়া নাই। হালনাগাদ তথ্যগুলো আপলোড করা অতীব জরুরী। তিনি আবারও সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। | ২. উপজেলা নির্বাহী অফিসার, ২ নং তথ্যের জন্য সকল সদস্য সচিব এবং ৪, ৫, ৬ ও ৭ নং তথ্যগুলো উপজেলা প্রকৌশলীকে অতিসত্বর তৈরি করে উপজেলা নির্বাহী অফিসের প্রশাসনিক কর্মকর্তার নিকট জমা দেয়ার জন্য পুনরায় অনুরোধ করেন | ১. UDF, বিরামপুর<br>২. সকল সদস্য সচিব উপজেলা স্থায়ী কমিটি। |
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, খাদ্য বান্ধবের চাল বিতরণ চলছে। ডিলার আব্দুল মাবুদ ব্যক্তিগত কারণে ঢাকায় যাওয়ায় চাল বিতরণ বন্ধ ছিল। জনসাধারণ ঝামেলা করেছে। আগামীকাল তিনি চাল বিতরণ করবেন। লটারী বিকেল ৪.০০ টায় হবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫<br>আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।কোন সমস্যা নেই। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৬<br>ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন |
| আলোচনাঃ ৩৮<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। রাস্তার সমস্যা। রাস্তা সংস্কার করার জন্য তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৯<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বেইলী ব্রীজটি আদৌও হবে কিনা তিনি জানতে চান। উপজেলা প্রকৌশলী জানান যে, রাস্তার প্রস্তাব প্রেরণ করেছেন। বেইলী ব্রীজের জন্য চেষ্টা করবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪২<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বর্ষায় কাঁচা রাস্তার অবস্থা খুব খারাপ। জরুরীভিত্তিতে রাবিশ দেয়া জন্য তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৩<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তফশীলি ব্যাংকে সঞ্চয় জমা করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৪<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৫<br>বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ প্রতি অর্থবছরে ৩০ জুনের পর উন্নয়ন তহবিলে জমা করার নির্দেশনা রয়েছে। সেপ্রেক্ষিতে ২০২৪-২০২৫ অর্থ বছরের সমুদয় ব্যয় নির্বাহ করার পর অবশিষ্ট টাকা=৫২,৪৮,৭৩৩/৩০ (বায়ান্নলক্ষ আটচল্লিশহাজার সাতশত তেতত্রিশ টাকা ত্রিশ পয়সা) মাত্র উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমা করার প্রস্তাব করেন। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৫(গ) অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে অবশিষ্ট টাকা=৫২,৪৮,৭৩৩/৩০ (বায়ান্নলক্ষ আটচল্লিশহাজার সাতশত তেতত্রিশ টাকা ত্রিশ পয়সা) মাত্র জমা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর। |

৪৬. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**সেপ্টেম্বর/২০২৫ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর জুলাই-সেপ্টেম্বর/২৫ মাসের দৈনিক ৭০০/-টাকা হারে মজুরী বাবদ প্রদান =(৪১৩০০+৪১৩০০+১৫৪০০+১৫৪০০=১,১৩,৪০০/-) | =১,১৩,৪০০/- |
| ০২ | জুলাই-সেপ্টেম্বর/২৫ মাসের আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) বাবদ প্রদান =(৩৫০০০ X৩ মাস==১,০৫,০০০/-) | =১,০৫,০০০/- |
| ০৩ | জুলাই-সেপ্টেম্বর/২৫ মাসের ২ জন আনসারের মজুরী প্রদান (৫৫০০+৫৫০০=১১০০০X৩ মাস) | =৩৩,০০০/- |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর,দিনাজপুর উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১০/২৫

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর।
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.৯৪৩/১(৪৫) তারিখঃ ১২.১১.২০২৫ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৩. জেলা প্রশাসক, দিনাজপুর।

০৪ সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুর।

০৫. প্রশাসক, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।

০৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৭. উপজেলা.............................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।

০৮. চেয়ারম্যান, ................................................................, ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।

০৯. জনাব ................................................................ মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

১২/১১/২৫

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd